

“প্রত্যেকেই সন্ত্রাসীদের লক্ষ্যবস্তু” – আহমদীয়া মুসলিম জামাত প্রধান
সুইডেনের শ্বেরিয়েস রেডিও এর সাথে সাক্ষাতকারে
হযরত মির্যা মসরুর আহমদ (আই.) এর মন্তব্য



১১ মে ২০১৬ তারিখে সুইডেনের মালমোতে অবস্থিত মাহমুদ মসজিদে আহমদীয়া মুসলিম জামাতের বিশ্বনেতা, পঞ্চম খলীফা, হযরত মির্যা মসরুর আহমদ (আই.) এর সাথে সুইডেনের শ্বেরিয়েস রেডিও (সুইডেন রেডিও) এর সাক্ষাৎকার আয়োজিত হয়।

নিজ দপ্তর সম্পর্কে প্রশ্ন করা হলে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন :

“আমি মহান আল্লাহ তায়ালার একজন বিনীত বান্দা যাকে আহমদীয়া মুসলিম জামাতের পঞ্চম খলীফা হিসেবে নির্বাচিত করা হয়েছে যেন ইসলামের প্রকৃত ও শান্তিপূর্ণ শিক্ষা প্রসারের লক্ষে এই জামাতের প্রতিষ্ঠাতার উদ্দেশ্য অব্যাহত থাকে”।


আহমদীদের নিরাপত্তা পরিস্থিতি সম্পর্কে জিজ্ঞাসিত হলে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন :

“শুধু যে আহমদীরাই ঝুঁকিতে রয়েছে তা নয়, বরং প্রত্যেকেই সন্ত্রাসীদের লক্ষ্যবস্তু যেমনটা আমরা সম্প্রতি ঘটে যাওয়া প্যারিস ও ব্রাসেলসের সন্ত্রাসী হামলায় প্রত্যক্ষ করেছি। সেইসব হামলাকে

কেবল ভয়ঙ্কর বর্বরতা হিসেবে আখ্যা দেয়া যেতে পারে এবং যা সম্পূর্ণভাবে ইসলামী শিক্ষার পরিপন্থী।”

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) আরও বলেন:

“মাত্র কয়েক বছর আগেই লাহোরে আমাদের দুইটি মসজিদে হামলার সময় ১০০ জন আহমদী মুসলমান শহীদ হন। তবুও আমরা কখনোই সহিংসতার কোনরূপ প্রতিক্রিয়া ব্যক্ত করি নারং ধৈর্যের সাথে সমস্ত নিপীড়ন সহ্য করি এবং দোয়ার মাধ্যমে প্রত্যুত্তর দেই।”



মালমোতে মাহমুদ মসজিদ এর উদ্বোধন সম্পর্কে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“মসজিদ হল মহান আল্লাহ্‌তায়ালার সামনে প্রণত হয়ে আত্মসমর্পণের স্থান এবং এজন্য যখন আমি এই মসজিদের উদ্বোধন করব তখন আহমদীদেরকে মসজিদের প্রকৃত এবং শান্তিপূর্ণ উদ্দেশ্যের কথা স্মরণ করাব।”